


# মহাত্মা গান্ধী : অন্তরঙ্গ জীবনকথা



মিলি গ্রাহাম পোলক

গ্রন্থের নাম  
লেখক

মহাত্মা গান্ধী : অন্তরঙ্গ জীবনকথা  
মিলি গ্রাহাম পোলক ;  
ভাষান্তর : তাপস কুমার বন্দ্যোপাধ্যায়

প্রকাশক  
প্রকাশের তারিখ  
পৃষ্ঠা সংখ্যা  
মূল্য :  
সারাংশ

গান্ধী স্মারক সংগ্রহালয় , বারাকপুর  
অক্টোবর , ২০১০  
১২৮  
৬০.০০ টাকা

মোহনদাস করমচাঁদ গান্ধীর গান্ধী হয়ে ওঠার প্রক্রিয়ায় দক্ষিণ আফ্রিকায় ভারতীয়দের স্বার্থে আন্দোলনের পটভূমি এক গুরুত্বপূর্ণ অধ্যায়। এই পর্বে ওঁর ঘরোয়া জীবন কাহিনী নিয়ে লেখা এই প্রত্যক্ষদর্শীর বিবরণ মহাত্মার জীবনদর্শন বুঝতে সহায়ক হবে। মিসেস পোলক ওঁর স্বামির কর্মজীবন সূত্রে দক্ষিণ আফ্রিকায় গান্ধী পরিবারের একজন ছিলেন। সেই সময়ের দৈনন্দিন জীবন ও ভারতীয়দের সংগঠিত করে আন্দোলন গড়ায় পোলক দম্পতির অবদান কম নয়। আঠারোটি অধ্যায়ে গান্ধীজীর অন্তরঙ্গ জীবন, প্রাত্যহিক অভিজ্ঞতার সূত্রে চিন্তাভাবনার পরিচয় পাওয়া যাবে এই বইতে। প্রথম পরিচয় থেকে সখ্যতা, জীবনের পথ নিয়ে প্রশ্ন নানা বিষয়ে যুক্তিতর্ক, জীবনধারা, মূল্যবোধ নিয়ে আলোচনা মহাত্মা চিন্তার বিকাশ বুঝতে সাহায্য করবে। নারীর অবস্থান ও ভূমিকা, ব্যক্তিত্ব গঠনে প্রবৃত্তি ও পরিবেশের গুরুত্ব, সেবা ও সত্যের আন্বেষণ, পথ ও লক্ষ্যের প্রশ্ন পরবর্তী মহাত্মার রাজনৈতিক জীবনে গুরুত্বপূর্ণ স্থান নেয়। এই সব নিয়ে তাঁর ধন্দ ও দ্বন্দ এই বইয়ের অধ্যায়গুলিতে পাওয়া যাবে। এশীয়দের দমনের জন্য প্রস্তাবিত আইনের বিরুদ্ধে আন্দোলন কার্যত সত্যগ্রহ আন্দোলন সূতিকাগার হিসেবে গন্য হতে পারে। মহাত্মা গান্ধীর প্রাথমিক রাজনৈতিক জীবন অনুসন্ধানে এই বই সবার কাছেই মূল্যবান, বিশেষ করে গবেষক ও ইতিহাসবিদের কাছে। বাংলায় গান্ধী চর্চার অভাব পূরণে এই রচনা এক গুরুত্বপূর্ণ সংযোজন হবে।